শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৮)/২০২১-১৩৭৭ তারিখ: ২৬-১২-২০২১ খ্রি:

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ভেটেরিনারি কলেজসমূহে ভর্তি বিজ্ঞপ্তি
শিক্ষাবর্ষ ২০২১

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় অধিভূক্ত সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ, বেলকুচি, সিরাজগঞ্জ-৬৭৪০ এবং ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ-৭৩০০ এ ২০২১ শিক্ষাবর্ষে বিএসসি ভেট সায়েন্স এন্ড এএইচ (লেভেল-১, সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sau.edu.bd) এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট (www.dls.gov.bd)-এ পাওয়া যাবে।

১. **আবেদনের সময়সীমা: ২৮-১২-২০২১ খ্রিঃ হতে ১৬-০১-২০২২ খ্রিঃ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত**

২. **আসন সংখ্যা**
সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ -৫০ (পঞ্চাশ)
ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ -৬০ (ষাট)
বিধি মোতাবেক মোট আসনের মধ্যে কোটার আসন অন্তর্ভূক্ত হবে

৩. **আবেদনের ন্যূনতম যোগ্যতা**

(ক) ২০১৭/১৮ সালে এসএসসি/সমমান এবং ২০১৯/২০ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হতে পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিত/উচ্চতর গণিত বিষয়সমূহ সহ উত্তীর্ণ হতে হবে।

(খ) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার চতুর্থ বিষয় ব্যতীত পরীক্ষা দুটির প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৭.০০ থাকতে হবে।

(গ) জিসিই O এবং A লেভেল পাসকৃত প্রার্থীদের O লেভেল পরীক্ষায় অন্ততঃ ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং দুটি পরীক্ষার প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৭.০০ থাকতে হবে। A, B, C ও D গ্রেডের জন্য যথাক্রমে ৪, ৩, ২ ও ১ জিপিএ গণনা করা হবে।

৪. **আবেদন করার নিয়ম**

(ক) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.sau.edu.bd) গিয়ে অনলাইনে লগইন-পাসওয়ার্ড পদ্ধতিতে আবেদন করতে হবে। আবেদনপত্র পূরণ করা হলে প্রার্থীকে একটি আইডি নম্বর (পিন) ও পাসওয়ার্ড দেওয়া হবে। আবেদন ফি জমা দেওয়া ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহের জন্য ঐ পিন ও পাসওয়ার্ডের প্রয়োজন হবে।

(খ) আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর কানসহ পূর্ণাঙ্গ মুখমন্ডল দেখা যায় এমন একটি পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি (JPG ফরম্যাট, ৫০ কিলোবাইটের মধ্যে) আপলোড করতে হবে।

(গ) আবেদনকারী যে ভাষায় (বাংলা অথবা ইংরেজি) ভর্তি পরীক্ষার সময় প্রশ্নপত্র পেতে ইচ্ছুক আবেদনের সময় তা উল্লেখ করতে হবে।

(ঘ) সংশ্লিষ্ট আইডি নম্বরের অনুকূলে 'বিকাশ'-এর মাধ্যমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের একাউন্টে (01748599140) আবেদন ফি ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে।

(ঙ) প্রার্থীর প্রবেশপত্র ০৪-০১-২০২২ তারিখ থেকে দেওয়া শুরু হবে। আইডি নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে ওয়েবসাইট থেকে প্রবেশপত্রটি ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। ভর্তি পরীক্ষার সময় প্রবেশপত্র অবশ্যই পরীক্ষার্থীর সাথে থাকতে হবে।

(চ) জিসিই O লেভেল এবং A লেভেল পাশকৃত প্রার্থীদেরকে অনলাইন আবেদনের পরিবর্তে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার কার্যালয় থেকে নির্ধারিত ফি (১,০০০/- টাকা) জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ করে তা পূরণ করে জমা দিতে হবে।

(ছ) বিদেশী প্রার্থীগণ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে (Foreign applicants may apply by using the university website: www.sau.edu.bd)।

৫. **ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী**

(ক) উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম অনুযায়ী ইংরেজি (১০ নম্বর), পদার্থবিজ্ঞান (২০ নম্বর), রসায়ন (২০ নম্বর), গণিত/উচ্চতর গণিত (২০ নম্বর), উদ্ভিদবিজ্ঞান (১৫ নম্বর) ও প্রাণিবিজ্ঞান (১৫ নম্বর) বিষয়গুলোর উপর MCQ পদ্ধতিতে প্রতিটি ১ নম্বরের ১০০টি প্রশ্নের ১০০ নম্বরের এক ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর বিয়োগ হবে।

(খ) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ৮ (আট) গুণ এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-র ১২ (বার) গুণ নম্বর লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ২০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

(গ) মুক্তিযোদ্ধা, বিকেএসপি, উপজাতি, আদিবাসী, ছিটমহলবাসী, হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় ভর্তির জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এতদসংক্রান্ত বিধি মোতাবেক আসন সংখ্যা সংরক্ষিত থাকবে যা মোট আসন সংখ্যার মধ্যে অন্তর্ভূক্ত হবে।

(ঘ) লিখিত পরীক্ষা আগামী ২২-০১-২০২২ তারিখ শনিবার সকাল ১১:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রের নাম যথাসময়ে এসএমএস এবং বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। বর্ণিত সময়সূচির পরিবর্তন হলে তাও জানানো হবে।

(ঙ) ভর্তি পরীক্ষার দিন সকাল ৮:০০ ঘটিকায় সংশ্লিষ্ট কেন্দ্রসমূহের গেট খুলে দেওয়া হবে। ভর্তি পরীক্ষার সময় প্রার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন সাথে নিয়ে আসতে হবে। ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোন বা অন্য কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনা যাবেনা। পরীক্ষার্থীর নিকট ইলেকট্রনিক্স ডিভাইস পাওয়া গেলে উক্ত পরীক্ষার্থীকে আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করা হবে।

৬. গুরুত্বপূর্ণ তারিখসমূহ

অনলাইনে আবেদন ও বিকাশের মাধ্যমে ফি জমা	২৮ ডিসেম্বর ২০২১ হতে ১৬ জানুয়ারি ২০২২ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত
অনলাইনে প্রবেশপত্র সংগ্রহ	০৪ জানুয়ারি ২০২২ থেকে শুরু
ভর্তি পরীক্ষা	২২ জানুয়ারি ২০২২ শনিবার সকাল ১১:৩০ ঘটিকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে
ফলাফল প্রকাশ	২৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে
মেধা তালিকা থেকে ভর্তি	০১ ফেব্রুয়ারি ২০২২ অফিস চলাকালিন (সংশ্লিষ্ট কলেজে)
মেধাক্রম অনুযায়ী অপেক্ষমান তালিকা থেকে ভর্তি	০৭ ফেব্রুয়ারি ২০২২ অফিস চলাকালিন (সংশ্লিষ্ট কলেজে)
ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরু	ভর্তি সম্পন্ন হওয়ার পর সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রদান করবে

৭. ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে

(ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট

(খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) রঙিন ছবি

(গ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সাথে আত্মীয়তার সম্পর্ক প্রমাণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের সার্টিফিকেট

(ঘ) বিকেএসপি কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট

(ঙ) উপজাতি/আদিবাসী /ছিটমহলবাসী/হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট

৮. অন্যান্য লক্ষণীয় বিষয়সমূহ

(ক) ভুল/অসত্য তথ্য সরবরাহকারীর ভর্তি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(খ) আবেদন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে admission@sau.edu.bd ঠিকানায় ই-মেইল করা যেতে পারে।

(গ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা/উপ-ধারা পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

শেখ রেজাউল করিম
রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা